গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.২০১.২৫.০০০৭.২৫.৩২৬

তারিখ: ৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: **জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমিতে অনুষ্ঠিতব্য '5th Leadership and Strategic management (LSM)' কোর্স স্থগিতকরণ এবং পুনঃবিজ্ঞপ্তি প্রদান।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমিতে '5th Leadership and Strategic management (LSM)' প্রশিক্ষণ কোর্সটি গত ২৯ সেপ্টেম্বর ২০২৬ হতে ১২ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত মেয়াদে আয়োজনের লক্ষ্যে গত ০৬ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ২৬০ নং স্মারকে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে কোর্সটি আয়োজনের লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণার্থী মনোনয়ন পাওয়া যায়নি বিধায় আগামী ২৬ অক্টোবর ২০২৬ থেকে ০৮ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ০২ (দুই) সপ্তাহ মেয়াদে আয়োজনের লক্ষ্যে গত ০১ অক্টোবর ২০২৬ তারিখের ২৮০ নং স্মারকে পুন:বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। একাধিক বিজ্ঞপ্তি প্রদানের পরও কোর্সটি আয়োজনের লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণার্থী মনোনয়ন পাওয়া যায়নি বিধায় বর্ণিত প্রশিক্ষণটি উল্লিখিত সময়ে আয়োজন করা সম্ভব নয়।

০২। '5th Leadership and Strategic management (LSM)' প্রশিক্ষণ কোর্সটি পুনঃনির্ধারিত সময়সূচী অনুযায়ী আগামী ২৪ নভেম্বর ২০২৬ থেকে ০৭ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত ০২ (দুই) সপ্তাহ মেয়াদে বাংলাদেশ অংশ এবং অবশিষ্ট ০১ (এক) সপ্তাহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সুবিধাজনক সময়ে বিদেশ অংশ আয়োজন করা হবে। তবে, ইতোমধ্যে যে সকল কর্মকর্তা বর্ণিত প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন পত্র প্রেরণ করেছেন, তাদের পুনরায় মনোনয়ন পত্র প্রেরণ করার প্রয়োজন নেই।

০৩। এমতাবস্থায়, ২৬ অক্টোবর ২০২৬ থেকে ০৮ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিতব্য '5th Leadership and Strategic management (LSM)' প্রশিক্ষণ কোর্সটি নির্দেশক্রমে স্থগিত করা হলো।

১৯-১০-২০২৬
ফয়সাল আহমেদ
উপসচিব
ফোন : ২২৩৩৮৯২৩৪
ইমেইল : it2@mopa.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৩। রেক্টর, রেক্টর এর দপ্তর, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি (নাডা)।
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। যুগ্মসচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস/ মাস্টার, কপি।

